গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
আটঘরিয়া, পাবনা
www.aclandatghariapabna.com

স্মারক নং- ৩১.৪৩.৭৬০৫.০০০.০৪.০০৫.২৩-৩২ তারিখ ঃ ০১ মাঘ, ১৪২৯ / ১৫ জানুয়ারী, ২০২৩ খ্রিঃ

## জলমহাল অনলাইনে ইজারার বিজ্ঞপ্তি (বাংলা-১৪৩০-১৪৩২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গেজেট,অতিরিক্ত সংখ্যা, জুন ২৫, ২০০৯ খ্রিঃ তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং-৭ এর ২৩ জুন ২০০৯ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এবং ভূমি মন্ত্রনালয়ের, সায়রাত-১ অধিশাখার ১৮/১২/২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২).৪৮ নং প্রজ্ঞাপন মোতাবেক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল অনলাইনে ইজারা ব্যবস্থাপনার জন্য পাবনা জেলা আটঘরিয়া উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রনাধীন নিম্ন বর্ণিত ০২(দুই)টি বদ্ধ জলমহাল বঙ্গাব্দ ১৪৩০ থেকে বঙ্গাব্দ ১৪৩২ পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্ত নিম্ন বর্নিত সিডিউল অনুযায়ী আবেদন গ্রহণ করা হবে। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীসংগঠন, সমবায়/সমাজসেবা অধিদপ্তর এর নিবন্ধনকৃত প্রকৃত মৎস্য জীবী সমিতি/সংগঠনকে www.land.gov.bd তে অথবা www.jm.lams.gov.bd তে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন দাখিল করতে আহবান করা যাচ্ছে। নিম্ন বর্নিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্মোক্ত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় আটঘরিয়া ও সহকারী কমিশনার (ভূমি) আটঘরিয়া পাবনা কার্যালয়ে দাখিল করতে হবে। অনলাইনের আবেদনের প্রিন্টেড কপি ব্যতিত সিডিউলে বর্ণিত তারিখের পর আর আবেদন গ্রহণ করা হবে না। ইজারা মূল্যের ২০% পে অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে আবেদনের সাথে দাখিল করতে হবে। ইজারার প্রদানের সর্তসম্মলিত বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী অফিসার,আটঘরিয়া এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটঘরিয়া এবং উপজেলা ভূমি অফিস,আটঘরিয়া থেকে ক্রয় করা যাবে।

উল্লেখ্য যে, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলোকে অগ্রাধিকার প্রদান করা হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদী এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপজেলা ভূমি অফিস, আটঘরিয়া, পাবনা হতে জানা যাবে।

### আবেদন সংক্রান্ত সিডিউল

| ক্রমিক নং | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ০১ | অনলাইনে আবেদন দাখিল | ০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে (২০ জানুয়ারী, হতে ০৮ ফেব্রুয়ারী,২০২৩ খ্রিঃ) |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা ভূমি অফিস আটঘরিয়া কার্যালয়ে দাখিল (প্রতি দিন সকাল ০৯.০০টা হতে বিকাল ৪.০০ টা)। | ২৬ মাঘ হতে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে (০৯-১৩ ফেব্রুয়ারী,২০২৩ খ্রিঃ) |
| ০৩ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই | ০৬ ফাল্গুন(১৯ ফেব্রুয়ারী,২০২৩ খ্রিঃ) |

ইজারাযোগ্য জলমহালের তালিকাঃ

১৪৩০-১৪৩২ বাংলা পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারাযোগ্য জলমহালের বিবরণঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | তফসিল | | | | বাৎসরিক সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | খতিয়ান নং (আরএস) | দাগ নং এস,এ/আরএস | পরিমাণ (একরে) | |
| ০১ | রামেশ্বরপুর খাস পুকুর | মাজপাড়া | রামেশ্বরপুর | ১ | ১৪৭/১৯৩ | ২.২২০০ | ২,৩২,৫৭৫/-- (পূর্ববর্তী ০৩ বৎসরের ইজারা গড় মূল্য এর ৫% বৃদ্ধিতে) |
| ০২ | গোরুরী খাস পুকুর | দেবোত্তর | গোরুরী | ১ | ১১০/২৪৬ | ০.৪০০০ | ৬৩০০/-(পূর্ববর্তী ০৩ বৎসরের ইজারা গড় মূল্য এর ৫% বৃদ্ধিতে) |

শর্তাবলী :

১. www.land.gov.bd তে অথবা www.jm.lams.gov.bd ওয়েবসাইটে গিয়ে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে।। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া পাবনা বরাবরে দাখিল করতে হবে। সিডিউল অনুযায়ী নির্ধারিত সময়ের পর কোন আবেদনের প্রিন্টেড কপি গ্রহণ করা হবে না।

২. ইজারা বিজ্ঞপ্তিতে ৩(তিন) বছরের বার্ষিক সম্ভাব্য ইজারা মূল্য উল্লেখ করা হয়েছে।

৩. সিডিউলে বর্ণিত নির্ধারিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে আবেদন পত্র দাখিল করতে হবে।

৪.আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিন পর্যবেক্ষণ করে আবেদন দাখিল করতে হবে। এ বিষয়ে পরে কোন আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

৫.সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎসজীবী সংগঠন/যুব মৎসজীবী নিবন্ধিত সমিতি (১৮-৩৫ বছর পর্যন্ত) কে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

৬.আবেদনপত্রের প্রিন্টেড কপির সাথে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

৭. অনলাইনের আবেদনপত্রে নির্দিষ্ট কলামসমূহ যথাযথভাবে পূরণপূর্বক আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।

৮.দাখিলকৃত আবেদনপত্রে বা ফরমে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাযথভাবে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৯. আবেদনপত্রের সাথে ১ম বছরের জন্য উদ্বৃত্ত মূল্যের ২০% জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার,আটঘরিয়া এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে।

১০. ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।

১১.আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে কিনা তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/ সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

১২.আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিকে ০৩(তিন) বৎসর মেয়াদি লীজ পাওয়ার পক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৩.জলমহাল সংক্রান্ত ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত যে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। তবে কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৪.আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১৫.মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল ইজারা/বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

১৬.জলমহাল ইজারার/বন্দোবস্ত গ্রহীতা সমিতি সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত প্রতি বছর উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া এর অবগতির জন্য পেশ করবেন।

১৭.জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত কোন মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবী সমিতি, তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না।

১৮. কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/যুব মৎস্যজীবী সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৯. জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছর ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে।

২০. বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২১. কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত আদালত স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২২. জলমহালের কোন ক্ষতি সাধন করা যাবে না এবং ভূ-গর্ভস্থ কোন সম্পদের উপর লীজ গ্রহীতার অধিকার বর্তাবে না।

২৩. জমাকৃত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন/সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৪. জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত মৎস্যজীবী/যুব মৎস্যজীবী সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

২৫. উল্লিখিত যে কোন শর্ত খেলাপ বা পালনে ব্যর্থ হলে ইজারা/বন্দোবস্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

২৬. জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা সর্বক্ষেত্রে "সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯" অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারিকৃত সরকারী বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

(মাকসুদা আক্তার মাসু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আটঘরিয়া, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিস
আটঘরিয়া, পাবনা
www.aclandatghariapabna.com

স্মারক নং- ৩১.৪৩.৭৬০৫.০০০.০৪.০০৫.২৩-৩২(৪৮)  তারিখ ঃ ১৫/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
০১। মাননীয় সংসদ সদস্য পাবনা-০৪।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড,১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, পাবনা।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটঘরিয়া, পাবনা।

অনুলিপি সদয় ও ব্যাপক প্রচারের জন্য প্রেরিত হলো ঃ
০৮-১৬। উপজেলা নির্বাহী অফিসার ------------------------------(সকল), পাবনা।
১৭-২৫। সহকারী কমিশনার (ভূমি) ------------------------------(সকল), পাবনা।
২৬। উপজেলা ---------------------------------- কর্মকর্তা, আটঘরয়া, পাবনা।
২৭। অফিসার ইনচার্জ, আটঘরিয়া থানা, , পাবনা।
২৮-৩৭। চেয়ারম্যান ---------------------------- ইউপি (সকল), আটঘরিয়া, পাবনা।
৩৮-৪৫ । ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ------------------------- ইউনিয়ন ভূমি অফিস, আটঘরিয়া, পাবনা। বিজ্ঞপ্তিটি তাঁকে ব্যাপক প্রচারের জন্য সকল হাট বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে ঢোল সহরত পূর্বক জারী করতঃ জারীর প্রতিবেদন অত্রাফিসে দাখিলের জন্য বলা হলো।
৪৬। জনাব ------------------------------------- আটঘরিয়া,পাবনা।
৪৭। নোটিশ বোর্ড
৪৮। অফিস কপি

(মাকসুদা আক্তার মাসু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আটঘরিয়া, পাবনা।
মোবাইল: ০১৭৬২-৬২১০০৯
Email:aclandatgharia@gmail.com